Topic : (Psychology of Music) : The difference between Musical Talent and Musical Prodigy : —

Semester : II (PG) ; Subject : Hindustani Vocal Music, Paper : CC-202 (HVM) : (Theoretical).

Teacher's Name : DR. SUJATA ROY MANNA, (Assist. Prof.),
Head of the Department,
Deptt. : Hindustani Vocal Music (HVM),
Name of the College : Raja N. L. Khan Women's College, Paschim Medinipur.

---

সংগীতের মনস্তত্ত্ব বা Psychology of Music মানুষের সংগীত সম্পর্কিত প্রতিক্রিয়াকে তথ্য-ব্যবহারের দ্বারা বিচার-বিশ্লেষণ ক'রে সাধারণ-সিদ্ধান্তে উপনীত হ'তে সাহায্য করে। এই বিষয়টি মানুষের বোধি ও বুদ্ধির কয়েকটি পারম্পর্যভিত্তিক বিষয়বস্তুর তথ্য-পরিধির অন্তর্ভুক্ত কতকগুলি স্তর নিয়ে আলোচনা করে। এই বিষয়বস্তুগুলি যথাক্রমে প্রত্যক্ষীকরণ (perception), অনুভব (feeling), বোধগম্যতা (understanding) এবং প্রকাশ/বহিঃপ্রকাশ (expression) — এর অন্তর্গত আরও বিবিধ উপ-বিষয়ে উল্লেখযোগ্য ভাবে বিস্তারিতভাবে ব্যাখ্যা করে। সেইসকল উপ বিষয়গুলির (Musical Mind, Musicality, Musical Aptitude, Musical Ability, Musical Talent, Musical Prodigy etc.) মধ্যে আমাদের বর্তমান আলোচ্য বিষয় দুটি হল — Musical Talent ও Musical Prodigy, সহজ ভাষায় বর্তমানে আলোচনা করা যাক্।

## (ক) সাঙ্গীতিক মেধা (Musical Talent) :

সংগীতের কোনও একটি শাখায় অসাধারণ ব্যুৎপত্তি প্রদর্শনই প্রকৃতপক্ষে সাঙ্গীতিক মেধার লক্ষণ। এইরকম ধারণা প্রচলিত আছে যে, সংগীতের বিষয়েও (অন্যান্য বিষয়ের মতো) প্রতিটি ক্ষেত্রেই একজন মানুষের পক্ষে চরম উৎকর্ষতা দেখানো অসম্ভব নয়। কিন্তু এই ধারণা সকল ক্ষেত্রে (দেশ, কাল, পাত্র — ভেদে) সঠিক নয়, প্রথমে আমরা একজন ব্যক্তির সংগীতের একটি শাখায় উৎকর্ষতা আছে — এইরূপ আলোচনা করি। ধরা যাক্, শাস্ত্রীয় সংগীতের বিভিন্ন ধারায় (ধ্রুপদ, খেয়াল, টপ্পা, ঠুমরী) একজন যদি সকল ক্ষেত্রেই উৎকর্ষতা দেখান, তাহলে নিশ্চিতভাবে তিনি সাংগীতিক মেধাযুক্ত বলে পরিগণিত হবেন। এবার, কোনও ব্যক্তি যদি উপরোক্ত যেকোনো

একটি ক্ষেত্রে উৎকর্ষতা প্রাপ্ত হন, তাহলে কোনও কোনও ব্যক্তিবিশেষে তার সর্বাঙ্গীণ পারদর্শিতা না-ও থাকতে পারে। যেমন — ধ্রুপদে যদি উৎকর্ষ হয়ে থাকেন এবং তিনি যদি লয়কারী- বাট-বাটওয়ারা তেও উৎকর্ষ হন, আবার আলাপের দ্বারা (নোম্‌-তোম্‌ ইত্যাদি সহযোগে) রাগদারী-অবয়বেও সমপরিমাণ উৎকর্ষতা প্রদর্শন করতে সক্ষম হন — তবেই তিনি Musically Talented বলে বিবেচিত হবেন। শুধুমাত্র, সুরে, তালে, লয়ে বন্দিশ (Vandish) গাইলেই ধ্রুপদ-ধামারে মেধাবী (Talented) বলা যাবে না। এই অবস্থায় ব্যক্তি/সংগীত পরিবেশকের পারদর্শিতা/দক্ষতা (Efficiency)-এর সাথে সাংগীতিক মেধা (Musical Talent)-কে মিলিয়ে ফেললে ঠিক হবে না — এটি বিশেষভাবে নজরে রাখতে হবে।

অন্য এক ক্ষেত্রে নিয়ে উদাহরণ দেওয়া যাক, — কোনো বাণী/লিরিক (Lyric-based) গানকে যদি কণ্ঠে/যন্ত্রে কেউ হুবহু সুর-তাল-লয়-ভাব- সহ সার্বিকভাবে একবার/দুবার শুনেই আত্মস্থ করে কণ্ঠস্থ/যন্ত্রস্থ করে পরিবেশন করতে পারেন, তবে তিনি নিশ্চয়ই মেধাবী-পদবাচ্য। কিন্তু সংগীত বা যেকোন চারুশিল্পের ন্যূনতম শর্তাবলী হলো — স্বতঃস্ফূর্ততা, সৃজনশীলতা ও অনন্যতা। তাই পরিবেশনে যদি এই তিনটি আবশ্যিক শর্ত অনুসরণ করা না-হয়, তাহলে মেধা (Talent)-এর পরিচয় দেওয়া সঠিক হবে না।

যারা Musical Talent-এর মধ্যে বিবেচিত হন, তাদের এই-একই সাথে সৃজনশীলতা (Creativity)-এর বিষয়টিও সংযুক্ত থাকা একটি উপাদানের মধ্যে পড়ে। এই Talent যদি বংশানুক্রমিক হয় অথবা পূর্বসূরীদের (বংশগত ভাব) থেকে অর্জিত হয়, তা হলেও যেমন উপযুক্ত ও সঠিক তালিম নেওয়া (প্রশিক্ষণ প্রাপ্ত হওয়া), ক্রমাগত কল্পনাময় সৃষ্টিধর্মী অধ্যবসায় তথা চর্চা বা অনুশীলন নেওয়া (Recurring Imaginative Innovative Practice) এবং পরিবেশন বা উপস্থাপন (Performance/Presentation)-এর সার্বিক দক্ষতা (Entire Efficiency) — সমভাবে প্রয়োজন; ঠিক তেমনই এই Talent যদি বংশের পূর্বসূরীদের কাছ থেকে অর্জিত না-হয়ে শুধুমাত্র সেই ব্যক্তির নিজস্ব ক্ষমতা/সামর্থ্য (Ability) এবং ব্যক্তিগত (Self) গুণাবলীজনিত কুশলতা বা দক্ষতা হয়, তার ক্ষেত্রেও উপরোক্ত শর্তগুলি <u>Talented</u> পদবাচ্য হওয়ার অত্যাবশ্যক।

(ঘ) <u>সাঙ্গীতিক নবোন্মেষ ও অসাধারণত্ব</u> (Musical Prodigy) :

এই বিষয়টির সম্বন্ধে আলোচনা করতে গেলে প্রথমেই যে বিষয়টি মনে রাখতে হবে, তা হল এটি সাধারণ অর্থে শিশুদের শৈশব থেকেই পরিলক্ষিত হতে হবে এবং অন্য অর্থে পক্ষপাতিত্বহীন ও আবেগহীন ভাবে পর্যবেক্ষণের দ্বারাই নির্ধারণ করতে হবে। শুধু তাই নয়, আরও একটি বিষয় বিশেষভাবে প্রণিধানযোগ্য, সেটি হলো এই — Musical Prodigy ক্রমান্বয়ে পরিণত বয়সে Musical Genius (সাঙ্গীতিক প্রতিভা) -তে পর্যবসিত হতেও পারে, আবার না-ও হতে পারে। অর্থাৎ, কোনও ব্যক্তি / সঙ্গীতজ্ঞ Prodigy পদবাচ্য কি না, তা পরে শৈশবকাল থেকে তার সাঙ্গীতিক ক্রিয়াকলাপ (Musical Activities) এবং সাঙ্গীতিক প্রবণতা (Musical Aptitude) -এর দ্বারাই পরিস্ফুট হয়ে উঠবে। কালক্রমে এই Prodigy উত্তরকালে সেই পূর্বের মতো (as described in Musical Talent) — উপযুক্ত ও সঠিক তালিম নেওয়া (শিক্ষালাভ প্রাপ্ত হওয়া), ক্রমাগত কল্পনাময় সৃষ্টিধর্মী অধ্যবসায় তথা চর্চা বা অনুশীলন নেওয়া (Recurring Imaginative Innovative Practice) এবং পরিবেশন বা উপস্থাপন (Performance / Presentation) -এর সার্বিক দক্ষতা (Entire Efficiency) — এইসকল আবশ্যকীয় শর্তগুলিতে আত্মস্থ ও দক্ষ হয়ে উঠার মধ্য দিয়ে Musical Genius (সাঙ্গীতিক প্রতিভা) -এর গুণসম্পন্ন সাঙ্গীতিক-ব্যক্তিত্ব / সঙ্গীতজ্ঞ / সঙ্গীত-শিল্পী হয়ে উঠতে পারেন।

এছাড়া সঙ্গেও একথা স্মরণ রাখতে হবে যে, সকল Genius-ই Prodigy পদবাচ্য হতে পারেন, কিন্তু সকল Prodigy-ই Genius হবেনই — এমন কোনও সিদ্ধান্তে আসা যায় না। কারণ, Genius তথা প্রতিভাধর হতে গেলে সৃজনশীলতা / সৃষ্টিধর্মিতা (Creativity) -এর সবরকম বৈশিষ্ট্যের উৎকর্ষতা ও দক্ষতা থাকা আবশ্যক। তাই, Prodigy'র সংখ্যা জগতে কমই হয় এবং Genius'এর সংখ্যা তার থেকেও আরও কম। কারণ ব্যক্তির / শিশুর অসাধারণত্ব ও বিস্ময়কর বৈশিষ্ট্য দীর্ঘমেয়াদী না-ও হতে পারে এবং সেই বৈশিষ্ট্য সাঙ্গীতিক গঠনমূলক (Constructive) উন্নতিবিধান না-ও করতে পারে, আপাতঃ-দৃষ্টিতে যাকে Prodigy এবং Genius বলে আখ্যা দেওয়া হয়, তাকে

বেশীরভাগ ক্ষেত্রে একই অর্থে মিশিয়ে ফেলা হয়, যা কিন্তু সঠিক নয়। সাঙ্গীতিক মনস্তত্ত্ব (Psychology of Music) - এর আলোচনা প্রসঙ্গে সবসময় লক্ষ্য রাখতে হবে — মন, বুদ্ধি ও বহিঃপ্রকাশ — এই তিনপ্রকার বিষয় অঙ্গাঙ্গীভাবে জড়িত ; যেকোনো একটি বা দুটি বৈশিষ্ট্য থাকা অসম্পূর্ণতার লক্ষণ। অর্থাৎ, মন → বহিঃপ্রকাশ অথবা বুদ্ধি → বহিঃপ্রকাশ, — নয় ; পারম্পর্য রক্ষা করে মন, বুদ্ধি [স্মৃতি (Memory), উপলব্ধি (Perception) ও মূল্যায়ন (Appreciation)] এবং বহিঃপ্রকাশ (Expression) - এর পর্যায়ক্রম সমন্বয়সাধনই হলো Psychology of Music - এর মূলগত - পরিধি (Basic Scope)।

— x —

অনুশীলনী :

১) টীকা লেখ : Musical Talent, Musical Prodigy.

২) নিজের ভাষায় বিস্তারিতভাবে বুঝিয়ে দাও :

ক) Musical Talent আর Musical Prodigy — এক নয়।

খ) Musical Prodigy ও Musical Talent - এর সাদৃশ্য কোথায়?

গ) Psychology of Music - এর পরিপ্রেক্ষিতে বিশ্লেষণ করুন — মন (Mind) ও বুদ্ধি/বুদ্ধিমত্তা (Intelligence) - এই দুই শর্ত Musical Talent ও Musical Prodigy - এর ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য হয় বলে ব্যাখ্যা করা যায়।

— DR. SUJATA ROY MANNA,
(Assistant Professor,
Department : Music),
Head of the Department,
Deptt. : Hindustani Vocal Music,
Raja N. L. Khan Women's College,
Paschim Medinipur.

— x —